বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
www.ecs.gov.bd

১. সহকারী কমিশনার (ভূমি)
২. উপজেলা................. কর্মকর্তা
৩. প্রশাসনিক কর্মকর্তা
৪. উপ-প্রশাসনিক কর্মকর্তা (ওএস)
৫. উপ-প্রশাসনিক কর্মকর্তা (সিএ)
৬. সহকারী প্রশাসনিক কর্মকর্তা
৭. অ:স/হি:স/সা:সহ
তাং ৯।৮।২৬
অতীব জরুরী
জরুরী
আলাপ করুন
উপস্থাপন করুন
উ:নি:অ:

# বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ১৪(১) অনুসারে আমি রাসেদুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এতদ্বারা মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার মির্জাপুর, ভূনবীর, শ্রীমঙ্গল, সিন্দুরখাঁন, কালাপুর, আশিদ্রোণ, রাজঘাট, কালিঘাট, সাতগাঁও ইউনিয়ন এবং শ্রীমঙ্গল পৌরসভার ০১ হইতে ০৯ নম্বর ওয়ার্ডের সকল ভোটার এলাকাসমূহের সম্পূরক ভোটার তালিকা চুড়ান্তকরণের লক্ষ্যে ৩১ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত ভোটার ডাটা বেইজে অন্তর্ভূক্ত ৩১ জুলাই ২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ভোটার যোগ্য ব্যক্তিদের নিয়ে হালনাগাদকৃত খসড়া তালিকা জনগনের অবগতির জন্য প্রকাশ করিতেছি।

২। উক্ত সম্পূরক ভোটার তালিকায় যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভূক্তি, মৃত্যুজনিত বা অন্তর্ভূক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভূক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য নির্ধারিত ফরমের মাধ্যমে যথাযথ কাগজপত্র সহ দরখাস্ত ১০ আগস্ট ২০২৬ তারিখ হইতে ২৪ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ব্যক্তিগতভাবে দাখিল করিতে হইবে।

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার কার্যালয়ে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা অফিস সময়ে দেখা যাইবে।

স্থান : উপজেলা নির্বাচন অফিস, শ্রীমঙ্গল।
তারিখ : ০৯ আগস্ট ২০২৬ খ্রি:

(রাসেদুল ইসলাম)
উপজেলা নির্বাচন অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফোনঃ ০২৯৯৭-৭১৭০১৮

স্মারক নং-১৭.০৭.৫৮৮৩.০০০.০০০.৩২.০০০৩.২৫-২৪২

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ,ইসলামিক ফাউন্ডেশন ভবন, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।
৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫। জেলা নির্বাচন কর্মকর্তা, মৌলভীবাজার।
৬। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭। প্রশাসক/মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৮। চেয়ারম্যান/ভারপ্রাপ্ত চেয়ারম্যান..............................ইউনিয়ন,শ্রীমঙ্গল (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, শ্রীমঙ্গল প্রেস ক্লাব, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১১। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাচন অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

# বাংলাদেশ নির্বাচন কমিশন

উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০৭.৫৮৮৩.০০০.০০০.৩২.০০০৩.২৫-২৪৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোটার তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্তকরণ এবং সংশোধনের দরখাস্তসমূহ নিষ্পত্তিকরণ সংক্রান্ত সময়সূচির তালিকা।

সূত্রঃ ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৬৯, তারিখঃ ০৯ জুলাই ২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্পূরক ভোটার তালিকা প্রকাশের পর যোগ্য কোন ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা, মৃত্যুজনিত অথবা অন্তর্ভুক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি বিচ্যুতি দূর করার উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২৪ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে পারবেন। সে পরিপ্রেক্ষিতে ভোটারদের নিকট প্রদর্শনের জন্য তাঁর ইউনিয়নে প্রকাশিত খসড়া ভোটার তালিকার ১সেট ভোটার তালিকা এ সাথে প্রেরণ করা হল। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৬ উপলক্ষে হালনাগাদকৃত ভোটার তালিকার খসড়া প্রকাশ থেকে শুরু করে চূড়ান্ত তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নিম্নোক্ত সময়সূচি নির্ধারণ করেছেন।

| | | | |
|---|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা মুদ্রণপূর্বক প্রকাশঃ | : | ০৯ আগস্ট ২০২৬ |
| ২ | দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখঃ | : | ২৪ আগস্ট ২০২৬ |
| ৩.১ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখঃ | : | ২৭ আগস্ট ২০২৬ |
| ৩.২ | দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | : | ২৮ আগস্ট ২০২৬ |
| ৩.৩ | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশঃ | : | ৩১ আগস্ট ২০২৬ |

এমতবস্থায়, উপর্যুক্ত সময়সূচি আপনার এলাকায় বহুল প্রচারকরতঃ আপনার................................ইউনিয়ন/পৌরসভার ১ সেট (পুরুষ ও মহিলা) ভোটার তালিকা সর্বসাধারণের পরিদর্শনের সুবিধার্থে এতদসঙ্গে প্রেরণ করা হল এবং উক্ত হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা কার্যক্রম শেষে অত্রাফিসে ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হল।

০৯/০৮/২৬

(রাসেদুল ইসলাম)
উপজেলা নির্বাচন অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফোন: ০২৯৯৭-৭১৭০১৮
ueosreemongle@gmail.com

প্রাপকঃ

১। প্রশাসক/মেয়র
শ্রীমঙ্গল পৌরসভা।

২। চেয়ারম্যান/ভারপ্রাপ্ত চেয়ারম্যান............................ইউপি, শ্রীমঙ্গল।

স্মারক নং-১৭.০৭.৫৮৮৩.০০০.০০০.৩২.০০০৩.২৫-২৪৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৫। জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
৬। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৭। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, শ্রীমঙ্গল প্রেস ক্লাব, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
১০। অফিস নথি

উপজেলা নির্বাচন অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ও
রেজিস্ট্রেশন অফিসার